



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর
টিসিবি ভবন (৭ম তলা), ১ কাওরান বাজার, ঢাকা।
www.roc.gov.bd



বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নের লক্ষ্যে ইতঃপূর্বে যেসকল উদ্ভাবনী ধারণা এবং সেবা সহজীকৃত ও ডিজিটাইজ করা হয়েছে সে সকল সেবা সম্পর্কিত পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	: শেখ শোয়েবুল আলম এনডিসি
সভার তারিখ	: ২৫ অগাস্ট, ২০২১ খ্রিঃ
সভার সময়	: বিকাল ০৩.০০ টা
স্থান	: যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরের নিবন্ধক মহোদয়ের কক্ষে
উপস্থিতি	: পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে সভায় স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নের লক্ষ্যে ইতঃপূর্বে যেসকল উদ্ভাবনী ধারণা এবং সেবা সহজীকৃত ও ডিজিটাইজ করা হয়েছে সে সকল সেবার বর্তমান অবস্থা ও সহজীকরণ/ডিজিটাইজ/উদ্ভাবনের ফলে কি ফলাফল পাওয়া যাচ্ছে সে বিষয়ে উন্মুক্ত আলোচনা করার আহ্বান জানান।

আলোচনাঃ জনাব জিকরা আমিন পিএএ, প্রোগ্রামার সভাকে অবহিত করেন যে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ এ দুটি উদ্ভাবনী ধারণার বাস্তবায়ন করা হয়েছে। উদ্ভাবনী ধারণা দুটি হলো (ক) আরজেএসসি'র সেবা প্রদান প্রক্রিয়া সম্পর্কিত সেবাবুক প্রকাশ এবং (খ) ভিডিও টিউটোরিয়াল তৈরী করা। এছাড়াও একটি সেবা সহজীকরণ করা হয়েছে যার ফলে বন্ধকীর বিবরণী (mortgage) বা চার্জ নিবন্ধন সার্টিফিকেট ও নিবন্ধিত কোম্পানির নাম পরিবর্তনের সার্টিফিকেট ইলেকট্রনিক স্বাক্ষরের মাধ্যমে গ্রাহকের ই-মেইলে প্রেরণ করা সম্ভব হচ্ছে। এছাড়া তিনি আরো জানান বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নের জন্য ইনোভেশন টীম গঠন জরুরী। উল্লেখ্য ইতোমধ্যে গত বছরের সকল উদ্ভাবন কার্যাবলির সমন্বয়ে একটি প্রকাশনা প্রণয়ন ও প্রকাশ করা হয়েছে।

জনাব মুহাম্মদ সেলিম মিয়া, এক্সামিনার অব একাউন্টস সভাকে জানান যে, ইতোমধ্যে সেবাবুকের ৫০ কপি প্রিন্ট করা হয়েছে এবং কিছু সংখ্যক বই সেবাগ্রহীতাদের নিকট বিতরণ করা হয়েছে। আরোও ১০০ কপি সেবাবুক এর প্রিন্টিং এর কাজ চলমান রয়েছে।

৫/৮

এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্তঃ

- ১। বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নের জন্য ইনোভেশন টিম গঠন করতে হবে।
- ২। ২০২১-২২ অর্থবছরের জন্য উদ্ভাবনী ধারণা ও সেবা সহজীকরণের জন্য আইডিয়া ও সেবা চূড়ান্ত করতে হবে।
- ৩। ১০০ টি সেবাবুক প্রিন্ট করে সকল মন্ত্রনালয়/বিভাগে প্রেরণ করতে হবে।

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(শেখ শোয়েবুল আলম এনডিসি)
নিবন্ধক (অতিরিক্ত সচিব)
ফোন: +৮৮ ০২ ৮১৮৯৪০১
ফ্যাক্স: +৮৮ ০২ ৮১৮৯৪০২
registrar@roc.gov.bd

স্মারক নম্বর- ২৬.০৬.০০০০.০৯৩.০১.০৭২.২১. ২৬৩৭

তারিখঃ ৩২ ভাদ্র ১৪২৮
২৬ সেপ্টেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) জনাব সন্তোষ কুমার পণ্ডিত পিএএ, অতিরিক্ত নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর
- ২) জনাব রনজিৎ কুমার, উপ নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর
- ৩) জনাব জিকিরা আমিন পিএএ, প্রোগ্রামার, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪) জনাব আবু ইসা মোহাঃ মোস্তফা ভূঁইয়া পিএএ, উপ নিবন্ধক(চঃ দাঃ), যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর
- ৫) জনাব মুহাম্মদ শফিকুল ইসলাম, সহকারী নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর
- ৬) জনাব মোঃ রকিব আহমেদ রনী, সহকারী নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর
- ৭) জনাব মুহাম্মদ সেলিম মিয়া, এক্সামিনার অব একাউন্টস, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর
- ৮) অফিস কপি।

৪৮

যৌথ মূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নের লক্ষ্যে ইতঃপূর্বে যেসকল উদ্ভাবনী ধারণা এবং সেবা সহজীকৃত ও ডিজিটাইজ করা হয়েছে সে সকল সেবার বর্তমান অবস্থা ও সহজীকরণ/ডিজিটাইজ/উদ্ভাবনের ফলে কি ফলাফল পাওয়া যাচ্ছে সে বিষয়ে ২৫/০৮/২০২১ তারিখ বিকাল ৩.০০ টায় নিবন্ধক মহোদয়ের কক্ষে অনুষ্ঠিত পর্যালোচনা সভার উপস্থিতি তালিকাঃ

ক্রঃ নং	নাম	পদবী	স্বাক্ষর
১।	জনাব শেখ শোয়েবুল আলম এনডিসি	নিবন্ধক	
২।	জনাব সন্তোষ কুমার পণ্ডিত পিএএ	অতিরিক্ত নিবন্ধক	
৩।	জনাব জিকরা আমিন পিএএ	প্রোগ্রামার	<i>Amrin</i>
৪।	জনাব আবু ইসা মোহাঃ মোস্তফা ভূইয়া পিএএ	উপ নিবন্ধক(চঃ দাঃ)	<i>Abu Issa</i>
৫।	জনাব মুহাম্মদ শফিকুল ইসলাম	সহকারী নিবন্ধক	<i>Muhammad Shafiqul Islam</i> 25/08/21
৬।	জনাব মোঃ রকিব আহমেদ রনী	সহকারী নিবন্ধক	<i>Muhammad Rakib Ahmed Rani</i> 25/08/21
৭।	জনাব মুহাম্মদ সেলিম মিয়া	এক্সামিনার অব একাউন্টস	<i>Muhammad Selim Mia</i> 25/08/21